

3 (Sem-4) BEN M 2

2 0 1 9

BENGALI

(Major)

Paper : 4.2

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : $1 \times 10 = 10$

(ক) “আমি জাহানমের আগুনে বসিয়া হাসি পুঁজেপর হাসি !”
— কোন্ কবিতার অংশ ?

(খ) ‘আমার কৈফিয়ৎ’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(গ) “কালের চক্র বক্রগতিতে ঘুরিতেছে অবিরত,
আজ দেখি যারা কালের শীর্ষে, কাল তারা _____ !”
(শূন্যস্থান পূর্ণ করো)

(ঘ) “সন্তান তার সুবী নয়, তারা লোভী, তারা শয়তান !
ঈর্ষায় মাতি, করে কাটাকাটি, রচে নিতি ব্যবধান !”
—এখানে কার সন্তানের কথা বলা হয়েছে ?

(ঙ) “গগন ফেটে চক্র ছেটে, পিনাক-পাণির শূল আসে !”
‘পিনাক-পাণি’ কে ?

- (চ) ‘কুঁচের বরণ কল্যা একাকী বসিয়া বাতাইনে।’ ‘বাতাইন’ শব্দের অর্থ কী ?
- (ছ) ‘টপ্পা-ঠুংরি’ কবিতায় প্রেমিকার পরিবর্তে কবি হাওড়া স্টেশনে কার সাক্ষাৎ পেয়েছিলেন ?
- (জ) ‘রামান্তর’ কবিতাটি কার রচনা ?
- (ঝ) “গোকুর দুধ, পোষা মুরগির ডিম, খেতের ধান ;
রাত্রে কান পেতে শোনা _____ ঘুশার গান।”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (ঝঃ) সুভাষ মুখোপাধ্যায়ের ‘বধু’ কবিতায় বধূটি জল সংগ্রহের জন্য কোথায় যেত ?

২। নির্দেশ অনুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : $2 \times 5 = 10$

- (ক) ‘আনকোরা যত নন-ভায়োলেন্ট নন-কো’র দলও নন-খুশী !’ এখানে ‘নন-ভায়োলেন্ট নন-কো’র দল’ বলতে কোন দলকে বোঝানো হয়েছে ? ‘নন-কো’ শব্দের তাৎপর্য কী ?
- (খ) ‘বিরাট কালের অঙ্গাতবাস ভেদিয়া পার্থ জাগে,’ পার্থ কে ? ‘বিরাট কালের’ তাৎপর্য কী ?
- (গ) ‘বিদ্রোহী’ কবিতায় কবি নিজেকে কয়েকটি ভারতীয় রাগ-রাগিণীর স্বরূপ বলে উল্লেখ করেছেন। এ ধরনের যে কোনো দুটি রাগ-রাগিণীর নাম লেখো।

- (ঘ) ‘টপ্পা-ঠুংরি’ কবিতার নায়ক হাওড়া স্টেশনে পৌঁছুতে কী কী যানবাহন ব্যবহার করেছিলেন ?
- (ঙ) ‘আট বছর আগের একদিন’ কবিতার মৃত্যুকামী যুবকটির পরিবারে কে কে ছিল ?

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

 $5 \times 2 = 10$

- (ক) “মোর ডাইনে শিশু সদ্যোজাত জরায়-মরা বামপাশে !
মন ছুটছে গো আজ বঙ্গা-হারা অশ্ব যেন পাগলা সে।”
এই অংশে কবির মানসিকতার পরিচয় ব্যক্ত করো।
- (খ) ‘দারিদ্র্য’ কবিতায় কবি দারিদ্র্যকে সম্মোহন করে কেন
বলেছেন—‘হে দারিদ্র্য, তুমি মোরে করেছ মহান !’ ?
- (গ) তাৎপর্য বিশ্লেষণ করো :

“অশিব-দক্ষযজ্ঞে যখনই মরে স্বাধীনতা-সতী,
শিবের খড়ে তখনই মুণ্ড হারায়েছে প্রজাপতি !”

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

 $5 \times 2 = 10$

- (ক) ‘সাবধানে যেয়ো সেথা, চোখে তব মোহ নামে পাছে,
পাছে তার মৃদুকঠে শোনো তুমি অরণ্যের গান।’
—এখানে ‘সেথা’ বলতে কোন স্থানকে নির্দেশ করা
হয়েছে ? সেখানে কেন সাবধানে যাবার সতর্কবাতা প্রদান
করা হয়েছে ?
- (খ) ‘শাশ্বতী’ কবিতার প্রকৃতি বর্ণনা সম্বন্ধে আলোচনা করো।
- (গ) ‘নিরালা’ কবিতায় কবি কী মনোবাস্থা ব্যক্ত করেছেন ?

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

- (ক) ‘চলরে জলের যাত্রী এবার
মাটির বুকে চল॥’
 ‘সর্বহারা’ কবিতায় কবি কোন পর্বান্তরের ইঙ্গিত দিয়েছেন ?
 কবিতাটির অন্তিমিহিত তাৎপর্য বিশ্লেষণ করো ।
- (খ) ‘আজ সৃষ্টি-সুখের উল্লাসে’ কবিতায় কবি যে বাঁধনহারা
 উচ্ছ্঵াসের ছবি ঝক্কেছেন তা বর্ণনা করো ।
- (গ) ‘সব্যসাচি’ কবিতায় কবি কার আগমনের জয়ধনি
 করেছেন ? কবিতাটির মর্মার্থ বিশ্লেষণ করো ।
- (ঘ) ‘রাজভিখারী’ কবিতার নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো ।

৬। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

- (ক) আধুনিক বাংলা কবিতার সংজ্ঞা ও বৈশিষ্ট্য নির্ধারণ করে
 বিষ্ণু দে-র ‘টপ্পা-ঠুঁৰি’ কবিতায় এই লক্ষণসমূহ কতটা
 প্রতিফলিত তা আলোচনা করো ।
- (খ) ‘বধু’ কবিতায় শহর-জীবনের স্বপ্নভঙ্গের যে ছবি চিত্রিত
 হয়েছে তা ব্যক্ত করো ।
- (গ) ‘সংগতি’ কবিতার মর্মার্থ বিশ্লেষণ করো ।
- (ঘ) ‘যেখানে কুপালি’ কবিতার নামকরণের সার্থকতা বিচার
 করো ।

